



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

বিজ্ঞপ্তি

তারিখ : ১৯/০৩/২০১৯

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে এ বোর্ডের জেএসসি/এসএসসি/এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর নাম/পিতার নাম/মাতার নাম এবং জন্ম তারিখ সংশোধনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আবেদন কার্যক্রম সম্পন্ন হচ্ছে। অনলাইনে আবেদনের সময় আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে আবেদনের আইডি নম্বর এবং পাসওয়ার্ড প্রেরণ করা হয়। উক্ত আবেদনের আইডি নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে আবেদনকারী নিজেই আবেদনের অবস্থা জানতে পারে। আবেদন নিষ্পত্তি হয়ে গেলে আবেদনকারীর মোবাইলে আরেকটি ম্যাসেজ যায়। পরবর্তীতে ডকুমেন্ট উত্তোলন (ফ্রেশকপি/ডুপ্লিকেট, যেমন- সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রীপ্ট, প্রবেশপত্র, রেজিঃ কার্ড ইত্যাদি) এর জন্য আর শিক্ষা প্রতিষ্ঠানে না গিয়ে আবেদনকারী নাম/বয়স সংশোধনের আবেদনের আইডি নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে ডকুমেন্ট উত্তোলন (ফ্রেশকপি/ডুপ্লিকেট) এর আবেদন করতে পারবে।

19-3-19
অধ্যাপক মোঃ শাহেদুল খবির চৌধুরী
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।